

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

ANSAR-VDP UNNAYAN BANK

কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ

সূত্র নং-ব্যান-৬৬৯/ ৩৪০১

তারিখ : ২৬ নভেম্বর ২০১৮

জনাব শেখ আবু ফারহান
সিনিয়র অফিসার (২য় কর্মকর্তা)
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
খুলনা শাখা, খুলনা।

বিষয় : চিকিৎসার উদ্দেশ্যে অর্জিত ছুটিসহ ভারত গমনের পূর্বানুমোদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার ১০-০৯-২০১৮ তারিখের আবেদনপত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। উক্ত পত্রের প্রেক্ষিতে আপনাকে চিকিৎসার উদ্দেশ্যে ভ্রমণের তারিখ হতে ৪০ (চল্লিশ) দিন (যাতায়াত সময়সহ) নিম্নে বর্ণিত শর্তে বহিঃবাংলাদেশ ছুটিসহ ভারত ভ্রমণের পূর্বানুমোদন দেয়া হলো।

- আলোচ্য ভ্রমণের যাবতীয় ব্যয় আপনি নিজস্ব উৎস হতে বহন করবেন। এতে অত্র ব্যাংকের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- আপনার অনুকূলে অনুমোদিত ভ্রমণকালকে বহিঃবাংলাদেশ ছুটি হিসাবে গণ্য করা হবে;
- ব্যাংক কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত আপনি অনুমোদিত মেয়াদকালের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- এ অনুমোদন ০৬-১১-২০১৮ তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত কার্যকর থাকবে।
- ছুটিতে গমনের পূর্বে বর্তমান কর্মস্থল থেকে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,


মোস্তফা আনোয়ার হোসেন
সহকারী মহাব্যবস্থাপক

ফোন : 02-49349915


pd@ansarvdpbank.gov.bd

তারিখ: ৫

সূত্র নং-ব্যান ৬৬৯/ ৩৪০১ (৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ইমিগ্রেশন অফিসার, বেনাপোল স্থলবন্দর, যশোর। আবেদনকারীকে বহিঃবাংলাদেশ ছুটিসহ ভারত গমনের পূর্বানুমতি প্রদান করার তাকে ভারত প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (আদেশটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- জনাব মোঃ এনামুল হক, ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, খুলনা শাখা, খুলনা। তাকে জনাব শেখ আবু ফারহান, সিনিয়র অফিসার (২য় কর্মকর্তা) কর্মস্থলে যোগদান না করা পর্যন্ত তাঁর দায়িত্বের পাশাপাশি অতিরিক্ত দায়িত্ব পালন করার জন্য অনুরোধ জানানো হলো। জনাব শেখ আবু ফারহান, সিনিয়র অফিসার (২য় কর্মকর্তা) কর্মস্থলে যোগদানের পর সংশ্লিষ্ট সকলে পূর্ববর্ত দায়িত্ব পালন করবেন।
- অফিস নথি / মহানথি।


আবু সালেহ মোঃ বায়েজীদ হোসাইন
সিনিয়র অফিসার